

অবগত সন্মতি নিদর্শ

ইজিএফআর এক্সন 19ডেল বা এক্সন 21 এল858আর মিউটেশনযুক্ত স্থানীয়ভাবে অগ্রসর বা মেটাস্ট্যাটিক নন-স্মল সেল ফুসফুসের ক্যান্সার সহ ভারতীয় রোগীদের ক্ষেত্রে ওসিমাটিনিব ব্যবহারের পর রোগের অগ্রগতির ক্ষেত্রে কেমোথেরাপির সাথে অ্যামিভ্যান্টাম্যাবের সংমিশ্রণের নিরাপত্তা মূল্যায়নের জন্য একটি পর্যায় 4, ওপেন লেবেল অধ্যয়ন

অধ্যয়ন আইডি: 61186372NSC40188

আপনি যোগ্য হলে, জনসন অ্যান্ড জনসন প্রাইভেট লিমিটেড নামক একটি ফার্মাসিউটিক্যাল কোম্পানি দ্বারা নিবেশনা করা একটি গবেষণা অধ্যয়নে অংশগ্রহণের জন্য আপনাকে আমন্ত্রণ জানানো হচ্ছে। এখানে কয়েকটি বিষয় জেনে নিন:

- একটি গবেষণা অধ্যয়নে অংশ নেওয়া ঐচ্ছিক এবং এটি আপনার নিয়মিত স্বাস্থ্যসেবার অংশ নয়।
- অধ্যয়নটির বিষয়ে, এটি কেন করা হচ্ছে এবং এর সাথে কী কী জড়িত, তা বোঝার জন্য এই অবহিত সন্মতি নিদর্শটি (আইসিএফ) মনোযোগ সহকারে পড়ার জন্য সময় নিন।
- অংশগ্রহণ করার বিষয়ে আপনার চিকিৎসক, স্বাস্থ্য বিশেষজ্ঞ, পরিবার এবং বন্ধুদের সাথে আলোচনা করুন।
- অধ্যয়ন কেন্দ্রের নিদানিক কর্মীদের কাছে প্রশ্ন জিজ্ঞাসা করুন এবং যেকোনো অতিরিক্ত তথ্য চেয়ে নিন।
- আপনি এই অধ্যয়নে যোগ দেবেন কি না, সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য স্বাধীন এবং আপনি এখন রাজি হলেও, যেকোনো সময় আপনার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারেন। আপনি অংশগ্রহণ করবেন কি না, তা সম্পূর্ণ আপনার ইচ্ছাধীন। আপনি যে সিদ্ধান্তই নিন না কেন, আপনি বর্তমানে যে চিকিৎসা পরিষেবা পাচ্ছেন তা থেকে বঞ্চিত হবেন না, কোনো শাস্তির সম্মুখীন হবেন না, বা আপনার কোনো বিদ্যমান অধিকার বা সুবিধা হারাবেন না।

এই অধ্যয়নে যোগদানের বিষয়ে বিবেচনা করার জন্য সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ

এই অধ্যয়নে যোগদানের বিষয়ে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করার জন্য নিবেশক আপনার সাথে কোম্পানির সংবেদনশীল তথ্য শেয়ার করতে পারে। আমরা আপনাকে বিনীতভাবে অনুরোধ করছি যে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী(গণ), পরিবার এবং বন্ধু ছাড়া অন্য কারো সাথে অধ্যয়নটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করার সময় বা সোশ্যাল মিডিয়া ব্যবহার করার সময় এই বিষয়টি বিবেচনা করবেন।

আপনার যোগাযোগের তথ্য

অধ্যয়নের নিবেশক: জনসন অ্যান্ড জনসন প্রাইভেট লিমিটেড	যিনি প্রতিনিধিত্ব করছেন জনসন অ্যান্ড জনসন প্রাইভেট লিমিটেড এইচআইজিআই হাউস, এলবিএস মার্গ মুলুন্দ (পশ্চিম), মুম্বাই - 400080
--	--

অনুসন্ধানকারীর নাম: ডাঃ প্রশান্ত পান্ডে

ঠিকানা: টাটা মেডিকেল সেন্টার,

14, এমএআর (ই-ডব্লু) নিউ টাউন, রাজারহাট, কলকাতা-700160

যোগাযোগের নম্বর: +91-9804290687

স্বাধীন নীতি নির্ধারক মন্ডলী/প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ড (আইইসি/আইআরবি)-এর সাথে
যোগাযোগের ঠিকানা: ডা. ইন্দ্রনীল মল্লিক

চিকিৎসক ও সদস্য সচিব

ল্যান্ডলাইন: 033 6605 7103/7447

আইআরবি/আইইসি-এর নাম: প্রাতিষ্ঠানিক পর্যালোচনা পর্ষদ

টাটা মেডিকেল সেন্টার, 14, এমএআর (ই-ডব্লু) নিউ টাউন, রাজারহাট, কলকাতা-700160

একটি স্বাধীন নীতি নির্ধারক মন্ডলী (আইইসি) বা প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ড (আইআরবি) এই
অধ্যয়নটি অনুমোদন করেছে।

মার্কিন আইন অনুযায়ী এই নিদানিক অধ্যয়নটির একটি বিবরণ www.clinicaltrials.gov-এ পাওয়া
যাবে। এই ওয়েবসাইটে এমন কোনো তথ্য থাকবে না যা দিয়ে আপনাকে শনাক্ত করা যায়, তবে
ফলাফলের একটি সারসংক্ষেপ অন্তর্ভুক্ত থাকবে। আপনি যেকোনো সময় এই ওয়েবসাইট অনুসন্ধান
করতে পারেন।

এর অতিরিক্ত হিসেবে, এটি উপলব্ধ হবে <http://ctri.nic.in/Clinicaltrials/login.php>-তে।

অধ্যয়নের সংক্ষিপ্ত বিবরণ এবং সাধারণ তথ্য

এই অধ্যয়নের উদ্দেশ্য হলো গবেষকদের এমন ভারতীয় রোগীদের ক্ষেত্রে অ্যামিভ্যান্টাম্যাব-এর সম্ভাব্য
কার্যকারিতা ও নিরাপত্তা সম্পর্কে আরও ভালোভাবে বুঝতে সহায়তা করা, যাদের স্থানীয়ভাবে অগ্রসর বা
মেটাষ্ট্যাটিক নন-স্মল সেল ফুসফুসের ক্যান্সার রয়েছে এবং যাদের ক্যান্সারে ইজিএফআর এক্সন 19ডেল
বা এক্সন 21 এল858আর মিউটেশনযুক্ত; বিশেষত সেইসব রোগীর ক্ষেত্রে, যাদের ওসিমাটিনিব চিকিৎসার
পরেও রোগটি অগ্রসর হয়েছে এবং যাদের ক্ষেত্রে অ্যামিভ্যান্টাম্যাব-কে কেমোথেরাপির সাথে সম্মিলিতভাবে
প্রয়োগ করা হচ্ছে।

“অধ্যয়নের ওষুধ” শব্দটির সমস্ত উল্লেখ দ্বারা অ্যামিভ্যান্টাম্যাব বোঝানো হয়েছে।

“নিদানিক কর্মী” বলতে কেন্দ্রের চিকিৎসক এবং অধ্যয়নের সাথে বিশেষভাবে জড়িত অন্যান্য কেন্দ্র
কর্মীদের (উদাহরণস্বরূপ, নার্স, বিজ্ঞানী, স্বাস্থ্যসেবা পেশাদার) বোঝানো হয়েছে।

“কেন্দ্র” বলতে একটি প্রতিষ্ঠান বা হাসপাতালকে বোঝানো হতে পারে, যা নির্ভর করে অধ্যয়নটি কোথায়
পরিচালিত হচ্ছে তার উপর।

আপনার যেকোনো প্রশ্ন, উদ্বেগ বা অভিযোগ আপনি নিদানিক কর্মীদের মাধ্যমে আইইসি/আইআরবি,
নিবেশক বা নিবেশকের অনুমোদিত প্রতিনিধিদের কাছে পাঠাতে পারেন। স্বাধীন নীতি নির্ধারক

মন্ডলী/প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ড (আইইসি/আইআরবি) হলো স্বাধীন কমিটি যারা অধ্যয়নে অংশগ্রহণকারীদের অধিকার এবং কল্যাণ রক্ষা করার জন্য অধ্যয়নগুলো পর্যালোচনা করে।

আমরা আশা করি ভারতে প্রায় 12-15টি কেন্দ্রে প্রায় 40 জন অংশগ্রহণকারী এই অধ্যয়নে অংশ নেবেন। আপনি প্রায় 8.5 মাস ধরে অধ্যয়নে থাকবেন এবং আপনাকে প্রায় 14 বার কেন্দ্রে আসতে হবে।

গবেষণায় দেখা গেছে যে নির্দিষ্ট রোগ, চিকিৎসা এবং ওষুধ মানুষের বয়স, জন্মের সময় নির্ধারিত লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখীতা, জাতি, জাতিসত্তা, সুযোগ এবং জেনেটিক পটভূমির উপর নির্ভর করে ভিন্নভাবে প্রভাবিত করে। আপনাকে এমন কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হতে পারে যা অধ্যয়নে বিভিন্ন গোষ্ঠীর অন্তর্ভুক্তি নিশ্চিত করতে সাহায্য করবে। আপনার তথ্য আপনার অধ্যয়নের রেকর্ডে অন্তর্ভুক্ত করা হবে, কিন্তু এটি অধ্যয়ন চলাকালীন বা ভবিষ্যতে আপনি যে যন্ত্র এবং চিকিৎসা পাবেন তা পরিবর্তন করবে না। নিদানিক পরীক্ষণগুলো যাতে সবার জন্য উপলব্ধ হয় তা নিশ্চিত করার জন্য, আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে আপনি কোথায় থাকেন এবং নিদানিক পরীক্ষণের কেন্দ্রে আসা আপনার জন্য কতটা সহজ। এটি নিশ্চিত করে যে মানুষ উপলব্ধ পরীক্ষণগুলো সম্পর্কে এবং কীভাবে সেগুলোতে অংশগ্রহণ করা যায় সে সম্পর্কে সচেতন হয়।

অধ্যয়ন চলাকালীন কি ঘটবে?

নিদানিক কর্মীরা পরীক্ষা করে দেখবেন যে আপনি এই অধ্যয়নে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ করেন কিনা। আপনি যদি যোগ্য হন এবং সম্মত হন, তাহলে অধ্যয়নের শর্তাবলী পড়া ও বোঝার পর আপনি এই অবহিত সম্মতি নিদর্শে স্বাক্ষর করবেন। **আপনাকে আপনার অধ্যয়নের জন্য নির্ধারিত সমস্ত সাক্ষাতের অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকতে হবে। অধ্যয়নের সময় আপনার যেকোনো স্বাস্থ্য সমস্যা বা উদ্বেগ, যার মধ্যে পার্শ্বপ্রতিক্রিয়াও অন্তর্ভুক্ত, সে সম্পর্কে অনুগ্রহ করে নিদানিক কর্মীদের জানান।**

নিচের সারণীতে এই গবেষণা অধ্যয়ন চলাকালীন আপনি কী কী পদ্ধতির সম্মুখীন হতে পারেন তা বর্ণনা করা হয়েছে। সমস্ত প্রক্রিয়াগুলি সমস্ত সাক্ষাতে ঘটবে না। নিদানিক কর্মীরা এই বিষয়ে আপনার সাথে আরও বিস্তারিত আলোচনা করবেন।

সাক্ষাত	পরীক্ষা, নিরীক্ষা এবং পদ্ধতিগুলি
ক্রিনিং [চিকিৎসা শুরুর আগে 28 দিন পর্যন্ত]	নিদানিক কর্মীরা নিম্নলিখিত বিষয়গুলো পর্যালোচনা/সম্পাদন করবেন: - নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে সঠিক তথ্য দিন: আপনার চিকিৎসার ইতিহাস (ফুসফুসের ক্যান্সার সহ), যেকোনো অ্যালার্জি, পূর্ববর্তী চিকিৎসা, এবং আপনি যে সমস্ত ওষুধ সেবন করছেন, যার মধ্যে প্রেসক্রিপশনের ওষুধ, ওভার-দ্য-কাউন্টার ওষুধ এবং ভিটামিন অন্তর্ভুক্ত। - বিস্তারিত শারীরিক পরীক্ষা (গুরুত্বপূর্ণ শারীরিক লক্ষণ; উচ্চতা এবং ওজন পরিমাপ সহ) সাধারণ স্বাস্থ্য অবস্থা - আপনি কেমন অনুভব করেন এবং দৈনন্দিন কাজগুলো কতটা ভালোভাবে করতে পারেন - আপনার সাধারণ স্বাস্থ্য পরীক্ষা করার জন্য এবং আপনি অধ্যয়নে অংশগ্রহণের যোগ্য কিনা তা দেখার জন্য রক্ত ও প্রস্রাবের নমুনা সংগ্রহ করা হবে।

	সংগৃহীত পরিমাণ প্রায় (স্ক্রিনিং সাক্ষাতের সময় 4 থেকে 5 চা চামচ); 1 কাপ = প্রায় 250 মিলিলিটার; 1 টেবিল চামচ = 15 মিলিলিটার; 1 চা চামচ = 5 মিলিলিটার]। নিদানিক কর্মীরা আপনার সাথে সমস্ত পরীক্ষা এবং ঝুঁকি নিয়ে আলোচনা করবেন। - আপনার সন্তান ধারণের ক্ষমতা থাকলে, গর্ভাবস্থা পরীক্ষা করা হবে। - একটি ইসিওজি (ইস্টার্ন কো-অপারেটিভ অনকোলজি গ্রুপ) পারফরম্যান্স স্ট্যাটাস সম্পন্ন করা হবে। আপনার ক্যানসারের লক্ষণাবলী এবং প্রতিদিনকার জীবনে কার্যাবলী সম্পন্ন করার মতো আপনার সক্ষমতার বিষয়ে আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। - একটি ইসিজি (ইলেকট্রোকার্ডিওগ্রাম) করা হবে, যেখানে আপনার বুকে আঠালো প্যাচ লাগানো হবে এবং সেগুলোকে একটি মেশিনের সাথে সংযুক্ত করা হবে যা আপনার হৃদপিণ্ডের বৈদ্যুতিক কার্যকলাপ দেখাবে। - আপনার হৃদপিণ্ডের স্বাস্থ্য পরীক্ষা করার জন্য একটি ইকো (ইকোকার্ডিওগ্রাম) বা মুগা (মাল্টিগেটেড অ্যাকুইজিশন স্ক্যান) করা হবে। ইকো হল এমন একটি পরীক্ষা যা আপনার হৃদপিণ্ড এবং এর প্রকোষ্ঠগুলির ছবি নিতে এবং এর পাম্পিং শক্তি পরিমাপ করতে উচ্চ ফ্রিকোয়েন্সির শব্দ তরঙ্গগুলি (আলট্রাসাউন্ড) ব্যবহার করে। মুগা একটি পরীক্ষা যা হৃদপিণ্ডের প্রকোষ্ঠগুলির ভিডিও ইমেজ তৈরি করে এটি পরীক্ষা করার জন্য যে সেগুলি যথাযথভাবে রক্ত পাম্প করতে পারছে। - স্ক্রিনিংয়ের সময় যদি কোনো নিশ্চিত রোগ নির্ণয় বা বায়োপসি রিপোর্ট না থাকে, তাহলে স্ক্রিনিংয়ের সময় টিউমারের বায়োপসি (আপনার ক্যান্সার টিস্যুর একটি ছোট অংশ নেওয়া হবে) সংগ্রহ করা হবে। - একটি সিটি স্ক্যান (কম্পিউটেড টমোগ্রাফি স্ক্যান) বা পিইটি (পজিট্রন এমিশন টমোগ্রাফি) করা হবে। সিটি স্ক্যানের মাধ্যমে আপনার শরীরের ভেতরের ছবি তোলা যায়। স্ক্যানের ছবি উন্নত করার জন্য আপনাকে একটি কনট্রাস্ট উপাদানের ছোট ইনজেকশন দেওয়া হতে পারে। পিইটি স্ক্যান আপনার টিস্যু এবং অঙ্গপ্রত্যঙ্গের কার্যকারিতার ছবি তোলে এবং এই কার্যকলাপ দেখানোর জন্য একটি তেজস্ক্রিয় ট্রেসার ব্যবহার করে। এটি প্রায়শই সিটি এবং এমআরআই-এর মতো অন্যান্য ইমেজিং পরীক্ষার আগেই রোগের লক্ষণ দেখাতে পারে। একটি ব্রেইন এমআরআই (অথবা এমআরআই করা সম্ভব না হলে ব্রেইন সিটি) আপনার মাথার ভেতরের ছবি তুলবে। এমআরআই থেকে কোনো বিকিরণের সংস্পর্শ আসার ঝুঁকি নেই। আল্ট্রাসোন্ড ইনফিউশনের মাধ্যমে আপনি কনট্রাস্ট উপাদান পাবেন, যদি না আপনার চিকিৎসক নিশ্চিত করেন যে এটি করা যাবে না। অধ্যয়নটি শুরু করার আগে আপনার বর্তমান কোনো চিকিৎসা নেওয়া বন্ধ করার প্রয়োজন আছে কিনা, তা নিয়ে নিদানিক কর্মীরা আলোচনা করবেন।
অধ্যয়নের	অধ্যয়নের ওষুধ/চিকিৎসা হিসেবে অ্যামিভ্যান্টাম্যাব শিরায় ইনফিউশন হিসেবে

চিকিৎসা পর্ব – চক্র 1 দিন 1 থেকে চিকিৎসার শেষ পর্যন্ত	দেওয়া হবে (আপনার হাতের একটি শিরার মধ্যে একটি ছোট ব্যাগ থেকে একটি সূঁচের সাথে সংযুক্ত একটি ছোট টিউবের মাধ্যমে এটি প্রবেশ করানো হবে)। - আপনি অ্যামিভ্যান্টাম্যাবের সাথে অন্যান্য ব্যাকগ্রাউন্ড কেমোথেরাপির ওষুধ – পেমেন্ট্রেক্সেড এবং কার্বোপ্লাটিন ৪টি চক্রের জন্য (প্রতিটি চক্রের সময়কাল 21 দিন) গ্রহণ করবেন। প্রায় তবে 12টি সাক্ষাতে (যার মধ্যে শেষ ডোজের 1 মাস পরের চিকিৎসার সমাপ্তি সাক্ষাত অন্তর্ভুক্ত) আপনার অবস্থা নিদানিক কর্মীদের দ্বারা পর্যবেক্ষণ করা হবে এবং নিম্নলিখিত বিষয়গুলো মূল্যায়ন করা হবে: - আপনার স্বাস্থ্যের অবস্থা, রোগের ব্যাপ্তি, যেকোনো পার্শ্বপ্রতিক্রিয়া এবং আপনি কেমন অনুভব করছেন তা পর্যালোচনা করা - আপনার স্বাস্থ্যের অবস্থা, রোগের ব্যাপ্তি, যেকোনো পার্শ্বপ্রতিক্রিয়া এবং আপনি কেমন অনুভব করছেন তা পর্যালোচনা করা - আপনি সন্তান ধারণে সক্ষম হলে, গর্ভাবস্থা পরীক্ষা করা হবে - ত্বকের যত্নের সাধারণ সুপারিশ, চিকিৎসা এবং শিক্ষা - বিস্তারিত শারীরিক পরীক্ষা (যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, তবে এতেই সীমাবদ্ধ নয়: সাধারণ শারীরিক অবস্থা, মূখ্য জৈবিক চিহ্নসমূহ, উচ্চতা এবং ওজন পরিমাপ) - একটি ইসিজি পারফরম্যান্স স্ট্যাটাস সম্পন্ন করা হবে। আপনার ক্যানসারের লক্ষণাবলী এবং প্রতিদিনকার জীবনে কার্যাবলী সম্পন্ন করার মতো আপনার সক্ষমতার বিষয়ে আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। - আপনার সাধারণ স্বাস্থ্য এবং রোগের অবস্থা পরীক্ষা করার জন্য রক্তের নমুনা সংগ্রহ করা হবে (প্রতিবার আনুমানিক 1 থেকে 2 চা চামচ)। নিদানিক প্রয়োজন অনুযায়ী প্রস্রাবের নমুনা সংগ্রহ করা হবে। - আপনার চিকিৎসকের নিদানিক নির্দেশ অনুযায়ী ইসিজি এবং ইকো/মুগা (উপরে বর্ণনা দেখুন) করা হবে। - আপনার চিকিৎসকের নিদানিক নির্দেশ অনুযায়ী একটি সিটি স্ক্যান (কম্পিউটেড টমোগ্রাফি স্ক্যান) বা পিইটি (পজিট্রন এমিশন টমোগ্রাফি) এবং মস্তিষ্কের এমআরআই করা হবে – উপরে বর্ণনা দেখুন “অধ্যয়নের নমুনা সম্পর্কিত তথ্য”-তে আরও তথ্য দেখুন। - অধ্যয়নের সময়, আপনার যা করা উচিত: - অন্য কোনো ওষুধ বা চিকিৎসা গ্রহণ করার আগে নিদানিক কর্মীদের সে সম্পর্কে জানান। - অন্য কোনো পরীক্ষামূলক চিকিৎসা ব্যবহার করবেন না বা অন্য কোনো কেন্দ্রে একই অধ্যয়নে নথিভুক্ত হবেন না
অধ্যয়নের চিকিৎসা সম্পন্ন	নিরাপত্তা ফলো-আপ: অধ্যয়নের চিকিৎসা বন্ধ করার পর, আপনি নিরাপত্তা ফলো-আপ পর্যায়ে প্রবেশ

হওয়ার পর	করতে পারেন, যা চিকিৎসার শেষ সাক্ষাতের পরে 1 মাসে হবে। কী পর্যালোচনা করা হচ্ছে তার উপর নির্ভর করে সাক্ষাতগুলো ফোনের মাধ্যমে করা যেতে পারে।
------------------	---

অনুসন্ধানমূলক অধ্যয়ন চিকিৎসাটি কী?

নিবেশক অনুসন্ধানমূলক অধ্যয়ন চিকিৎসাটি সরবরাহ করে, যার নাম “অ্যামিভ্যান্টাম্যাব”। চিকিৎসার সময়সূচী অনুযায়ী প্রায় 6 মাসের জন্য অ্যামিভ্যান্টাম্যাব শিরায় ইনফিউশন হিসাবে দেওয়া হবে (একটি ছোট ব্যাগ থেকে একটি সূঁচের সাথে সংযুক্ত একটি ছোট টিউবের মাধ্যমে আপনার হাতের একটি শিরায় প্রবেশ করানো হবে)। অ্যামিভ্যান্টাম্যাবের সাথে অন্যান্য ব্যাকগ্রাউন্ড কেমোথেরাপির ওষুধ - পেমেট্রেক্সেড এবং কার্বোপ্ল্যাটিন শিরায় দেওয়া হবে ৪টি চক্রের জন্য (প্রতিটি চক্রের সময়কাল 21 দিন)।

এই চিকিৎসাটি শুধুমাত্র আপনার ব্যবহারের জন্য এবং এটি অন্য কারো সাথে ভাগ করা যাবে না।

অ্যামিভ্যান্টাম্যাব সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (সিডিএসসিও) দ্বারা মনোথেরাপী হিসাবে বা অন্যান্য যোগের সাথে সংমিশ্রণে স্থানীয়ভাবে উন্নত বা মেটাস্ট্যাটিক ইজিএফআর মিউটেটেড নন-স্মল সেল ফুসফুসের ক্যান্সারে (এনএসসিএলসি) আক্রান্ত রোগীদের বিভিন্ন ইঙ্গিতের জন্য অনুমোদিত। অ্যামিভ্যান্টাম্যাব বিক্রীত হয় রাইব্রেনভ্যান্ট হিসেবে।

স্থানীয়ভাবে অগ্রসর বা মেটাস্ট্যাটিক ইজিএফআর মিউটেটেড নন-স্মল সেল ফুসফুসের ক্যান্সারে (এনএসসিএলসি) আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য কার্বোপ্ল্যাটিন এবং পেমেট্রেক্সেডের সাথে সম্মিলিতভাবে ব্যবহারের জন্য অ্যামিভ্যান্টাম্যাব সিডিএসসিও দ্বারা অনুমোদিত হয়েছে। পেমেট্রেক্সেড এবং কার্বোপ্ল্যাটিন বিভিন্ন ব্র্যান্ড নামের অধীনে পাওয়া যায়।

এছাড়াও আরও বেশ কয়েকটি রোগের চিকিৎসার জন্য অ্যামিভ্যান্টাম্যাব নিয়ে অধ্যয়ন করা হচ্ছে।

যে ওষুধটি নিয়ে অধ্যয়ন করা হচ্ছে তার নাম অ্যামিভ্যান্টাম্যাব বা জেএনজে-61186372। অ্যামিভ্যান্টাম্যাব হল একটি অ্যান্টিবডি। অ্যান্টিবডিগুলি হল সেই প্রোটিন যা অ্যান্টিজেন নামক অন্যান্য ধরনের প্রোটিনগুলিকে নির্দিষ্টভাবে চিনতে পারে এবং তার সাথে যুক্ত হয়। আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থাকে ক্যানসার কোষগুলির বিরুদ্ধে লড়াই করার জন্য অ্যান্টিবডি এবং অ্যান্টিজেনগুলি একসাথে কাজ করতে পারে। টেস্ট টিউব এবং জীবজন্তুদের মধ্যে অ্যামিভ্যান্টাম্যাব এমন দুটি ভিন্ন ধরনের অ্যান্টিজেনের সাথে আবদ্ধ হয় যা ক্যানসার কোষগুলিতে পাওয়া যেতে পারে। এক ধরনের অ্যান্টিজেন হল এপিডার্মাল গ্রোথ ফ্যাক্টর রিসেপটর, যাকে ইজিএফআরও বলা হয়। অন্য ধরনের অ্যান্টিজেনটিকে মেসেনকাইমাল-এপিথেলিয়াল ট্রানজিশন ফ্যাক্টর (এমইটি) বলা হয়।

কিছু ওষুধ যা ইজিএফআরের সাথে আবদ্ধ হয় তা আপনার দেশে নিয়ামক কর্তৃপক্ষগুলির দ্বারা অনুমোদিত হয়েছে এবং ভিন্ন ভিন্ন ধরনের ক্যানসারে আক্রান্ত রোগীদের মধ্যে ব্যবহার করা হয়ে থাকে। এই ওষুধগুলোর মধ্যে রয়েছে: এরলোটিনিব, গেরিফাটিনিব, আফাটিনিব এবং ওসিমাটিনিব। যখন এর মধ্যে কোনো একটি ওষুধ একটি ক্যানসার কোষের উপর ইজিএফআরের সাথে আবদ্ধ হয়, তখন সেই কোষের বৃদ্ধি হ্রাস পায় বা সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়।

যে ওষুধগুলি শুধুমাত্র এমইটির সাথে আবদ্ধ হয় তা মেটাস্ট্যাটিক নন-স্মল সেল লাং ক্যানসারের চিকিৎসার জন্য নিয়ামক কর্তৃপক্ষদের দ্বারা অনুমোদিত হয়েছে। যখন এই ধরনের ওষুধগুলির মধ্যে

কোনো একটি ক্যান্সার কোষের এমইটি-তে আবদ্ধ হয়, তাহলে সেই কোষটি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সংকেত পায় না।

অ্যামিভ্যান্টাম্যাব বর্তমানে একাধিক দেশে স্থানীয়ভাবে অগ্রসর বা মেটাস্ট্যাটিক ইজিএফআর মিউটেটেড নন-স্মল সেল ফুসফুসের ক্যান্সারে (এনএসসিএলসি) আক্রান্ত রোগীদের বিভিন্ন রোগ-লক্ষণের জন্য একক থেরাপি হিসেবে বা অন্যান্য যৌগের সাথে সম্মিলিতভাবে ব্যবহারের জন্য অনুমোদিত। তবে, যে দেশগুলোতে এটি অনুমোদিত নয়, সেখানে এটি শুধুমাত্র এই ধরনের গবেষণা অধ্যয়নে ব্যবহার করা যেতে পারে।

পেমেন্ট্রেক্সেড হলো এক ধরনের কেমোথেরাপি যা উন্নত পর্যায়ের নন-স্মল সেল ফুসফুসের ক্যান্সারের চিকিৎসায় ব্যবহৃত হয়। এটি অন্যান্য ধরনের ক্যান্সারের চিকিৎসাতেও ব্যবহৃত হয়।

কার্বোপ্লাটিন হলো একটি ক্যান্সাররোধী ওষুধ, যা কেমোথেরাপি হিসেবে পরিচিত এবং এটিকে একটি অ্যালকাইলেটিং এজেন্ট হিসেবে শ্রেণীবদ্ধ করা হয়। এটি ফুসফুস এবং ডিম্বাশয়ের ক্যান্সারের মতো বিভিন্ন ধরনের ক্যান্সারের চিকিৎসায় ব্যবহৃত হয়। কার্বোপ্লাটিন সাধারণত শিরার মাধ্যমে ইনফিউশনের মাধ্যমে দেওয়া হয়।

আমি কোন চিকিৎসা পাবো?

এই গবেষণায় সকল অংশগ্রহণকারী অ্যামিভ্যান্টাম্যাব গ্রহণ করবেন। এছাড়াও, প্রতিটি অংশগ্রহণকারী অ্যামিভ্যান্টাম্যাবের সাথে কেমোথেরাপি পেমেন্ট্রেক্সেড এবং কার্বোপ্লাটিন গ্রহণ করবেন।

আপনি এবং ক্লিনিক্যাল কর্মী উভয়েই জানতে পারবেন আপনি কোন চিকিৎসা নিচ্ছেন। এটি একটি ওপেন-লেবেল গবেষণা।

আপনি যদি ওষুধের একটি ডোজ নিতে ভুলে যান বা গবেষণার ওষুধ খাওয়ার পর বমি করেন, তাহলে অনুগ্রহ করে ক্লিনিক্যাল কর্মীদের জানান।

গবেষণার ওষুধের নিরাপদ সংরক্ষণ

গবেষণাধীন ওষুধের প্যাকেজিং শিশু-নিরোধক নয়; গবেষণার ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন, কারণ এটি তাদের ক্ষতি করতে পারে। আপনি যদি মনে করেন যে আপনি এটি করতে পারবেন না, তবে আপনার এই গবেষণায় অংশগ্রহণ করা উচিত নয়।

এই গবেষণার সম্ভাব্য ঝুঁকি এবং পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী?

অ্যামিভ্যান্টাম্যাব ব্যবহারের কিছু ঝুঁকি থাকতে পারে যা সম্পর্কে আমরা জানি না। অ্যামিভ্যান্টাম্যাব, এর ঝুঁকি বা পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে যদি কোনো নতুন, গুরুত্বপূর্ণ তথ্য আবিষ্কৃত হয়, তাহলে ক্লিনিক্যাল কর্মীরা আপনাকে তা জানাবেন, যাতে আপনি গবেষণায় চালিয়ে যেতে চান কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন।

অ্যামিভ্যান্টাম্যাবের সাথে সম্পর্কিত সম্ভাব্য অস্বস্তি, পার্শ্বপ্রতিক্রিয়া এবং ঝুঁকি

অ্যামিভ্যান্টাম্যাব চিকিৎসার সাথে সম্পর্কিত সম্ভাব্য অস্বস্তি, পার্শ্বপ্রতিক্রিয়া, এবং ঝুঁকি সব জানা নেই। অধিকাংশ পার্শ্ব-প্রতিক্রিয়াগুলি গুরুতর নয়। কিছু সমস্যা গুরুতর, জীবন-হুমকিস্বরূপ বা এমনকি মৃত্যুর কারণ হতে পারে এবং সেগুলোর জন্য চিকিৎসা বা অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হতে পারে। এই বিভাগটি বর্ণনা করে যে অ্যামিভ্যান্টাম্যাব দিয়ে চিকিৎসা করা রোগীদের মধ্যে কত ঘন ঘন পার্শ্ব প্রতিক্রিয়া ঘটে।

2025 সালের 20শে মে পর্যন্ত, অ্যামিভান্টামাব গ্রহণ করেছেন এমন প্রায় 3,486 জন রোগীর নিরাপত্তা সংক্রান্ত তথ্য উপলব্ধ রয়েছে। অ্যামিভান্টামাব সম্পর্কিত নিরাপত্তা তথ্য এখনও বিকশিত হচ্ছে এবং এমন কিছু ঝুঁকি থাকতে পারে যা এখনও অজানা। মাঝেমাঝে একটি অধ্যয়ন চলাকালীন, নিবেশক অধ্যয়ন ওষুধ এবং ঝুঁকিগুলির বিষয়ে নতুন তথ্য জানতে পারেন। এটি সম্ভব যে নতুন তথ্য অধ্যয়নে থাকার বিষয়ে আপনার মনের পরিবর্তন ঘটতে পারে। যদি নতুন তথ্য আবিষ্কার করা হয়, তাহলে আপনার অধ্যয়ন চিকিৎসক অবিলম্বে সেটি আপনাকে জানাবেন। এই অধ্যয়নে আপনার অংশগ্রহণ চলাকালীন যদি আপনার কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া বা অসুবিধা থাকে, তাহলে আপনার উচিৎ অবিলম্বে আপনার অধ্যয়ন চিকিৎসককে তা জানানো।

যেসব রোগী ইতিমধ্যেই অ্যামিভান্টামাব গ্রহণ করেছেন, তাদের মধ্যে নিম্নলিখিত পার্শ্বপ্রতিক্রিয়াগুলো লক্ষ্য করা গেছে:

খুব সাধারণ (10 জনের মধ্যে 1 জনের বেশি রোগীকে আক্রমণ করতে পারে)	• ফুসকুড়ি (নিচের আলাদা অংশটি দেখুন) • ইনফিউশন-সম্পর্কিত প্রতিক্রিয়া (শুধুমাত্র শিরায় অ্যামিভান্টাম্যাব প্রয়োগের ক্ষেত্রে প্রযোজ্য, নিচের আলাদা অংশটি দেখুন) • আগুলের নথের চারিপাশের ত্বকে সংক্রমণ বা প্রদাহ এবং নথের অন্যান্য সমস্যা • অ্যালবুমিন নামক একটি রক্ত প্রোটিনের মাত্রা কম থাকা (যা সারা শরীরে ফোলাভাব সৃষ্টি করতে পারে) • ক্লান্তি • মুখে প্রদাহ বা মুখে ক্ষত • হাত, পায়ের পাতা বা অঙ্গ প্রত্যঙ্গে ফোলাভাব • গা গুলানো • রক্তে লিভার এনজাইমের (অ্যালানিন এবং অ্যাসপার্টেট অ্যামিনোট্রান্সফারেজ) • চুলকানি • ক্ষুধামান্দ্য • ডায়রিয়া • রক্তে ক্যালসিয়ামের মাত্রা কমে যাওয়া, যা সাধারণত কোনো উপসর্গ সৃষ্টি করে না, কিন্তু গুরুতর হলে পেশিতে খিঁচুনি এবং/অথবা সংকোচন, অস্বাভাবিক হৃদস্পন্দন বা খিঁচুনির কারণ হতে পারে • মাথাঘোরা • বমি করা • রক্তে পটাশিয়ামের মাত্রা কমে যাওয়া, যা সাধারণত কোনো উপসর্গ সৃষ্টি করে না, কিন্তু মাত্রাতিরিক্ত হলে তা অস্বাভাবিক হৃদস্পন্দনের কারণ হতে পারে, যা গুরুতর এবং জীবন-হুমকিস্বরূপ হতে পারে • পেশীর ব্যথা অথবা যন্ত্রণা • পেটে ব্যথা • রক্তে অ্যালকালাইন ফসফেটেজ (এএলপি)-এর মাত্রা বৃদ্ধি, যা সাধারণত কোনো উপসর্গ সৃষ্টি করে না, তবে এটি যকৃতের ক্ষতি বা হাড়ের পুনর্গঠনের ইঙ্গিত দিতে পারে • রক্তে প্লেটলেটের সংখ্যা হ্রাস, যা
--	--

	মাত্রা বৃদ্ধি পাওয়া, যা সাধারণত কোনো উপসর্গ সৃষ্টি করে না, তবে এটি লিভারের ক্ষতির ইঙ্গিত দিতে পারে • কোষ্ঠকাঠিন্য • শুষ্ক বা ফাটা স্বক • জ্বর • চোখের সমস্যা (যেমন শুষ্ক চোখ, চোখ চুলকানো)	সাধারণত কোনো উপসর্গ সৃষ্টি করে না, কিন্তু যখন এটি গুরুতর হয়, তখন রক্ত জমাট বাঁধতে অসুবিধা হতে পারে। (শুধুমাত্র কার্বোপ্ল্যাটিন এবং পেমেট্রেক্সেডের সাথে অ্যামিভানটাম্যাবের মিশ্রণের ক্ষেত্রে প্রযোজ্য) • রক্তে নিউট্রোফিলের সংখ্যা হ্রাস, যা সাধারণত কোনো উপসর্গ সৃষ্টি করে না, কিন্তু যখন এটি গুরুতর হয়, তখন ব্যক্তির সংক্রমণের প্রতি বেশি সংবেদনশীল হয়ে পড়ে। (শুধুমাত্র কার্বোপ্ল্যাটিন এবং পেমেট্রেক্সেডের সাথে অ্যামিভানটাম্যাবের মিশ্রণের ক্ষেত্রে প্রযোজ্য)
সাধারণ (10 জনের মধ্যে 1 জন পর্যন্ত রোগীকে আক্রমণ করতে পারে)	• রক্তে ম্যাগনেসিয়ামের মাত্রা কম থাকা (এর ফলে দুর্বলতা এবং পেশিতে খিঁচুনি হতে পারে) • দৃষ্টি সমস্যা • হেমোরয়েডস • চোখের পাপড়ির বৃদ্ধি	• ফুসফুসের প্রদাহ (এর ফলে হঠাৎ শ্বাসকষ্ট, কাশি বা জ্বর হতে পারে, নিচের আলাদা অংশটি দেখুন) • হাতের তালু এবং/অথবা পায়ের তলার লালচে ভাব বা কালচে হয়ে যাওয়া এবং ফোলা • স্বকের আলসার
সাধারণ নয় (100 জনের মধ্যে 1 জন পর্যন্ত রোগীকে আক্রমণ করতে পারে)	• স্বকের সাধারণ প্রদাহ, যার সাথে লালচে ভাব এবং আঁশ ওঠা থাকে • অ্যালার্জির কারণে ফুসকুড়ি	• কর্নিয়ার প্রদাহ
বিরল (1000 জনের মধ্যে 1 জন পর্যন্ত রোগীকে প্রভাবিত করতে পারে)	• শরীরের বেশিরভাগ অংশে ফোসকা ও চামড়া ওঠা সহ গুরুতর ফুসকুড়ি (টিইএন) • চোখের অভ্যন্তরে প্রদাহ	

ইনফিউশন সম্পর্কিত প্রতিক্রিয়া: অ্যামিভানটাম্যাব হল একটি অ্যান্টিবডি যা একটি প্রোটিন থেকে তৈরী হয় এবং আপনার শরীরে একটি নির্দিষ্ট ক্ষতিকারক বস্তুকে টার্গেট করতে এবং তাকে অপসারণ করার

জন্য তৈরী হয়, এক্ষেত্রে এটি হল একটি ক্যানসার কোষ। অ্যামিভান্টামাবের মতো কিছু অ্যান্টিবডি থেরাপির একটি পার্শ্বপ্রতিক্রিয়া হলো ইনফিউশন-সম্পর্কিত প্রতিক্রিয়া, যা ইনফিউশন চলাকালীন বা এটি শেষ হওয়ার অল্প সময়ের মধ্যেই ঘটতে পারে (যখন শিরায় ওষুধটি দেওয়া হয়)। অ্যামিভান্টামাব দিয়ে চিকিৎসা করা সমস্ত রোগীদের মধ্যে অর্ধেকের সামান্য বেশি রোগীদের মধ্যে অনুপ্রবেশ-সম্পর্কিত প্রতিক্রিয়াগুলি রিপোর্ট করা হয়েছে। ইনফিউশন-সম্পর্কিত প্রতিক্রিয়াগুলো প্রথম ইনফিউশনের সময়ই সবচেয়ে বেশি দেখা যায় এবং পরবর্তী ইনফিউশনগুলোর সময় এগুলো হওয়ার সম্ভাবনা অনেক কম থাকে। ইনফিউশন-সম্পর্কিত প্রতিক্রিয়ার সবচেয়ে সাধারণ লক্ষণগুলো হলো কাঁপুনি, শ্বাসকষ্ট, বমি বমি ভাব, মুখ লাল হয়ে যাওয়া, বুকে অস্বস্তি এবং বমি। তুলনামূলকভাবে কম সাধারণ লক্ষণগুলোর মধ্যে রয়েছে জ্বর, কাশি, চুলকানি, ফুসকুড়ি, রক্তচাপের পরিবর্তন, হৃৎস্পন্দন ও শ্বাস-প্রশ্বাসের হার বৃদ্ধি, মাথা ঘোরা এবং রক্তে অক্সিজেনের মাত্রা কমে যাওয়া। এতদিন পর্যন্ত ইনফিউশন-সম্পর্কিত প্রতিক্রিয়াগুলির মধ্যে লক্ষ্য করা অধিকাংশগুলি হালকা থেকে মাঝারী ধরনের এবং অধ্যয়ন চিকিৎসক এবং মেডিক্যাল কর্মী দ্বারা নিয়ন্ত্রিত হয়েছে ইনফিউশন অস্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার মাধ্যমে এবং যেকোনো পার্শ্ব-প্রতিক্রিয়ার চিকিৎসা করার জন্য ওষুধ দেওয়ার ফলে। কিছু রোগীদের ক্ষেত্রে, কোনো চিকিৎসার প্রয়োজন ছিল না। অধিকাংশ রোগীদের জন্য, ইনফিউশন সম্পর্কিত প্রতিক্রিয়ার লক্ষণাবলী অল্প সময়ের মধ্যে চলে যায়, এবং একই দিনে ইনফিউশনটি পুনরায় চালু করা এবং সম্পূর্ণ করা যেতে পারে। যদি আপনার এই ধরনের লক্ষণাবলীর অভিজ্ঞতা হয়, বিশেষকরে প্রথম ইনফিউশন চলাকালীন তাহলে আপনার উচিত আপনার চিকিৎসক বা নার্সদের জানানো, যাতে তারা আপনাকে মূল্যায়ন করতে পারেন এবং একটি সম্ভাব্য ইনফিউশন সম্পর্কিত প্রতিক্রিয়ার চিকিৎসা করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারে, এর অন্তর্ভুক্ত অস্থায়ীভাবে ইনফিউশনে বিঘ্ন ঘটানো।

আপনি প্রাকওষুধ পাবেন, যার অন্তর্ভুক্ত প্যারাসিটামল/অ্যাসিটামিনোফেন, একটি অ্যান্টিহিস্টামিন, এবং একটি কার্টিকোস্টেরয়েড এটি পাবেন ইনফিউশনের আগে যাতে যেকোনো লক্ষণাবলী প্রতিরোধ বা হ্রাস করা যায়। আপনি যদি কোনো উপসর্গ অনুভব করেন, তাহলে ইনফিউশন সাময়িকভাবে বন্ধ করা হতে পারে, আপনাকে অতিরিক্ত ওষুধ দেওয়া হতে পারে এবং ইনফিউশনের গতি পরিবর্তন করা হতে পারে—যাতে ইনফিউশন-সম্পর্কিত প্রতিক্রিয়া কমে এবং সম্ভব হলে আপনি স্টাডি ড্রাগের সম্পূর্ণ ডোজ গ্রহণ করতে পারেন। প্রথম ও দ্বিতীয় ইনফিউশনের সময় আপনার যদি ইনফিউশন-সম্পর্কিত কোনো প্রতিক্রিয়া না হয়, তাহলে ভবিষ্যতের কোনো ইনফিউশনের আগে আপনার কার্টিকোস্টেরয়েডের প্রয়োজন নাও হতে পারে; তবে আপনাকে তবুও প্যারাসিটামল/অ্যাসিটামিনোফেন এবং অ্যান্টিহিস্টামিন দেওয়া হবে।

যদি আপনার ইনফিউশন-সংক্রান্ত কোনো প্রতিক্রিয়া হয়ে থাকে এবং আপনার চিকিৎসক মনে করেন যে উপসর্গগুলো স্থায়ী হতে পারে, তাহলে ইনফিউশনের পর আপনাকে অতিরিক্ত ওষুধ দেওয়া হতে পারে, এর মধ্যে প্রয়োজনে প্যারাসিটামল/অ্যাসিটামিনোফেন, একটি অ্যান্টিহিস্টামিন, বমি-বিরোধী ওষুধ, একটি কার্টিকোস্টেরয়েড এবং উপসর্গ অনুযায়ী অন্যান্য ওষুধ অন্তর্ভুক্ত থাকতে পারে।

ফুসকুড়ি: কিভাবে ফুসকুড়ি প্রতিরোধ এবং এর চিকিৎসা করতে হবে তার উপর আপনার চিকিৎসক আপনাকে নির্দেশাবলী প্রদান করবেন। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে অপ্রয়োজনে রোদের মধ্যে না থাকা এবং যখন আপনার রোদের মধ্যে যাওয়ার প্রয়োজন হবে তখন এসপিএফ ≥ 30 সান প্রোটেক্টর ব্যবহার করা। এছাড়াও এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে শুষ্ক বা রোদে উন্মুক্ত স্বকের জায়গাগুলিতে প্রাসঙ্গিক ক্রীমগুলি ব্যবহার করা। আপনার চিকিৎসক প্রয়োজন অনুসারে অ্যান্টিবায়োটিকস বা অন্যান্য ওষুধগুলিও প্রেসক্রাইব করতে পারেন।

ফুসকুড়ি প্রতিরোধ ও চিকিৎসার নির্দেশাবলী ছাড়াও, ফুসকুড়ি দেখা দেওয়া প্রতিরোধ করতে বা দেখা

দেওয়ার সাথে সাথে দ্রুত চিকিৎসা শুরু করতে এবং সেগুলো যাতে পুনরায় দেখা না দেয় তা প্রতিরোধের জন্য আপনাকে আরও নির্দিষ্ট চিকিৎসার জন্য প্রেসক্রিপশন দেওয়া হবে।

ফুসফুসের প্রদাহ: অ্যামিভান্টাম্যাব মনোথেরাপি এবং অ্যামিভান্টাম্যাব এবং ল্যাজারটিনিবের সংমিশ্রণে চিকিৎসা করা রোগীদের ক্ষেত্রে ফুসফুসের প্রদাহের ঘটনা ঘটেছে, যার মধ্যে গুরুতর ক্ষেত্রে মৃত্যুও ঘটেছে। যদি আপনি শ্বাসকষ্ট, কাশি বা শ্বাস নিতে কষ্টের লক্ষণগুলি বৃদ্ধি হওয়া অনুভব করেন তবে আপনার চিকিৎসককে অবহিত করুন।

ভেনাস থ্রম্বোএমবোলিক ইভেন্ট (ভিটিই, শিরায় রক্ত জমাট বাঁধা): এটা জানা যায় যে ফুসফুসের ক্যান্সারে আক্রান্ত রোগীদের শিরায় রক্ত জমাট বাঁধার ঝুঁকি বেশি থাকে। অ্যামিভান্টাম্যাব বা ল্যাজারটিনিব একক থেরাপি হিসেবে ব্যবহারের তুলনায় অ্যামিভান্টাম্যাব এবং ল্যাজারটিনিবের সম্মিলিত থেরাপি গ্রহণকারী অংশগ্রহণকারীদের মধ্যে এই রক্ত জমাট বাঁধার ঘটনার ঝুঁকি বৃদ্ধি পেয়েছে বলে লক্ষ্য করা গেছে। মৃত্যুসহ গুরুতর রক্ত জমাট বাঁধার ঘটনা রিপোর্ট করা হয়েছে। আপনার অধ্যয়নকারী ডাক্তার আপনার সাথে এই ঝুঁকি এবং আপনার কী কী সতর্কতা অবলম্বন করা উচিত সে বিষয়ে আলোচনা করবেন। আপনার এক বা একাধিক হাত বা পায়ে ফোলা এবং/অথবা ব্যথা হলে অথবা শ্বাসকষ্ট বেড়ে গেলে আপনার ডাক্তারকে জানানো উচিত, কারণ এগুলো রক্ত জমাট বাঁধার লক্ষণ হতে পারে।

পেমেট্রেক্সেড সম্পর্কিত সম্ভাব্য অস্বস্তি, পার্শ্বপ্রতিক্রিয়া এবং ঝুঁকি

পেমেট্রেক্সেড-এর সঙ্গে সম্পর্কিত সম্ভাব্য অস্বস্তি, পার্শ্বপ্রতিক্রিয়া ও ঝুঁকির সবকিছু এখনও জানা নেই। অধিকাংশ পার্শ্ব-প্রতিক্রিয়াগুলি গুরুতর নয়। কিছু গুরুতর হতে পারে এবং তার জন্য চিকিৎসা বা অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হতে পারে। এই বিভাগে বর্ণনা করা হয়েছে যে, পেমেট্রেক্সেড দিয়ে চিকিৎসা করা রোগীদের মধ্যে পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কত ঘন ঘন ঘটেছে।

পেমেট্রেক্সেড ব্যবহারের সাথে এমন কিছু ঝুঁকি থাকতে পারে যা এখনও জানা যায়নি। মাঝেমাঝে একটি অধ্যয়ন চলাকালীন, নিবেশক অধ্যয়ন ওষুধ এবং ঝুঁকিগুলির বিষয়ে নতুন তথ্য জানতে পারেন। এটি সম্ভব যে নতুন তথ্য অধ্যয়নে থাকার বিষয়ে আপনার মনের পরিবর্তন ঘটতে পারে। যদি নতুন তথ্য আবিষ্কার করা হয়, তাহলে আপনার অধ্যয়ন চিকিৎসক অবিলম্বে সেটি আপনাকে জানাবেন।

যেসব রোগী ইতিমধ্যেই পেমেট্রেক্সেড গ্রহণ করেছেন, তাদের মধ্যে নিম্নলিখিত পার্শ্বপ্রতিক্রিয়াগুলো লক্ষ্য করা গেছে:

খুব সাধারণ (10 জনের মধ্যে 1 জনের বেশি রোগীকে আক্রমণ করতে পারে)	• শ্বেত রক্ত কণিকার কম সংখ্যা • লোহিত রক্তকণিকার সংখ্যা কমে যাওয়া (অ্যানিমিয়া) • অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়া • ডায়রিয়া • বমি করা • আপনার মুখে ব্যথা,	• গা গুলানো • ক্ষুধামান্দ্য • ক্লান্তি বোধ করা • স্বকে ফুস্কুড়ি • চুল পড়া • কোষ্ঠকাঠিন্য • সংবেদনা হ্রাস • রক্ত পরীক্ষায় কিডনির অস্বাভাবিক
--	---	--

	লালভাব, ফোলা বা ঘা	ফলাফল
সাধারণ (প্রতি 10 জন রোগীর মধ্যে 1 জন রোগীকে আক্রমণ করতে পারে)	- অ্যালার্জিক প্রতিক্রিয়া, যার মধ্যে স্বকে ফুসকুড়ি / জ্বালাপোড়া বা সঁচ ফোটোর মতো অনুভূতি থাকতে পারে; সংক্রমণ, যার মধ্যে সেপসিসও অন্তর্ভুক্ত - জ্বর - সংক্রমণ - জল শূন্যতা - বৃক্ক নষ্ট হয়ে যাওয়া - স্বকের জ্বালা এবং চুলকানি - বুকে ব্যথা	- পেশির দুর্বলতা - কনজাংটিভাইটিস (চোখ ওঠা) - পেট খারাপ - পেটে ব্যথা - স্বাদের পরিবর্তন - যকৃতের রক্ত পরীক্ষা অস্বাভাবিক - চোখ ছলছল করা - স্বকের রক্তকতা বৃদ্ধি
সাধারণ নয় (প্রতি 100 জন রোগীর মধ্যে 1 জন রোগীকে আক্রমণ করতে পারে)	- তীব্র কিডনি বিকল - দ্রুত হৃদপিণ্ডের গতি - বিকিরণ চিকিৎসার পর খাদ্যনালীর আস্তরণের প্রদাহ - বৃহদন্ত্রের আস্তরণের প্রদাহ, যার সাথে অন্ত্র বা মলদ্বার থেকে রক্তপাত হতে পারে - ফুসফুসের বায়ুথলির ক্ষতচিহ্ন (ইন্টারস্টিশিয়াল ফুসফুসের রোগ বা নিউমোনাইটিস)	- শরীরের টিস্যুতে অতিরিক্ত তরল জমা হওয়া, যার ফলে ফোলাভাব হয় - শ্বেত রক্তকণিকা, লোহিত রক্তকণিকা এবং প্লেটলেটের সম্মিলিত কম সংখ্যা (প্যানসাইটোপেনিয়া) - যেসব রোগীকে পেমেট্রেক্সেড দিয়ে চিকিৎসার আগে, চলাকালীন বা পরে রেডিয়েশন থেরাপিও দেওয়া হয়, তাদের ফুসফুসের বায়ুথলিতে রেডিয়েশন থেরাপি-সম্পর্কিত ক্ষত বা দাগ দেখা দিতে পারে - অঙ্গ-প্রত্যঙ্গে ব্যথা, শরীরের তাপমাত্রা কমে যাওয়া এবং বিবর্ণতার খবর পাওয়া গেছে। - ফুসফুসে রক্ত জমাট বাঁধা (পালমোনারি এম্বলিজম)
বিবল (1000 জনের মধ্যে 1 জন পর্যন্ত রোগীকে আক্রমণ)	রেডিওথেরাপির সংস্পর্শে আসা স্বকে বিকিরণের কয়েক দিন থেকে কয়েক বছর পরেও গুরুতর স্বকের	- লোহিত রক্তকণিকা ধ্বংসের কারণে রক্তশূন্যতা হতে পারে। - লিভারের প্রদাহ - অ্যানাফাইল্যাকটিক শক (একটি জীবন-

করতে পারে)	ফুসকুড়ি বা পোড়াভাব দেখা দিতে পারে।	হুমকিপূর্ণ অ্যালার্জিক প্রতিক্রিয়া যেমন শ্বাসকষ্ট, নিম্ন রক্তচাপ, এবং/অথবা অঙ্গ-প্রত্যঙ্গ বিকল হওয়া) • স্বকের গুরুতর ফোস্কাযুক্ত রোগ
------------	--------------------------------------	---

যেসব রোগী পেমেট্রেক্সেড গ্রহণ করেছেন, তাদের মধ্যে আরও কিছু পার্শ্বপ্রতিক্রিয়া দেখা গেছে। এইসকল পার্শ্ব-প্রতিক্রিয়াগুলির বিষয়ে তথ্যের জন্য দয়া করে আপনার অধ্যয়ন চিকিৎসককে জিজ্ঞাসা করুন।

পেমেট্রেক্সেডের জন্য সতর্কতা এবং সাবধানতা

পেমেট্রেক্সেড দিয়ে চিকিৎসা শুরু করার আগে আপনার যদি নিম্নলিখিত কোনো সমস্যা থাকে তবে আপনার ডাক্তারের সাথে কথা বলুন:

- কিডনির সমস্যা
- পূর্ববর্তী রেডিয়েশন থেরাপি
- সম্প্রতি টিকা নিয়েছেন
- হৃদরোগ
- আপনার ফুসফুসের চারপাশে তরল জমা হওয়া

অন্যান্য ওষুধ এবং পেমেট্রেক্সেড: ব্যথা বা প্রদাহের জন্য ব্যবহৃত ওষুধ, যেমন ‘নন-স্টেরয়েডাল অ্যান্টি-ইনফ্ল্যামেটরি ড্রাগস’ (এনএসএআইডিএস), যার মধ্যে কিছু প্রেসক্রিপশন ছাড়াই কেনা যায় (যেমন আইবুপ্রোফেন), একই সময়ে সেবন করলে তা পেমেট্রেক্সেডের কার্যকারিতা প্রভাবিত করতে পারে এবং কিডনি আঘাত বা বিকল হওয়ার ঝুঁকি বাড়াতে পারে। পেমেট্রেক্সেড সেবনের সময় আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল হয়ে পড়তে পারে। এর ফলে, জীবন্ত টিকা পরিহার করা উচিত। পেমেট্রেক্সেডের প্রথম ডোজ নেওয়ার আগে আপনি যে সমস্ত ওষুধ খাচ্ছেন, সে সম্পর্কে আপনার ডাক্তারকে জানানো গুরুত্বপূর্ণ, যাতে তিনি আপনার সাথে উপযুক্ত চিকিৎসার বিকল্পগুলো নিয়ে আলোচনা করতে পারেন।

গাড়ি চালানো এবং যন্ত্রপাতি ব্যবহার: পেমেট্রেক্সেড আপনাকে ক্লান্ত বোধ করাতে পারে। গাড়ি চালানো বা যন্ত্রপাতি ব্যবহার করার সময় সতর্ক থাকুন।

কার্বোপ্ল্যাটিনের সাথে সম্পর্কিত সম্ভাব্য অস্বস্তি, পার্শ্বপ্রতিক্রিয়া এবং ঝুঁকি

কার্বোপ্ল্যাটিনের সাথে সম্পর্কিত সম্ভাব্য সমস্ত অস্বস্তি, পার্শ্বপ্রতিক্রিয়া এবং ঝুঁকি সম্পর্কে জানা নেই। অধিকাংশ পার্শ্ব-প্রতিক্রিয়াগুলি গুরুতর নয়। কিছু গুরুতর হতে পারে এবং তার জন্য চিকিৎসা বা অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হতে পারে। এই বিভাগে বর্ণনা করা হয়েছে যে কার্বোপ্ল্যাটিন দিয়ে চিকিৎসা করা রোগীদের মধ্যে পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কত ঘন ঘন দেখা দিয়েছিল।

কার্বোপ্ল্যাটিন ব্যবহারের সাথে এমন কিছু ঝুঁকি থাকতে পারে যা এখনও অজানা। মাঝে মাঝে একটি গবেষণার সময়। স্পনসর গবেষণা ওষুধ এবং এর ঝুঁকি সম্পর্কে নতুন তথ্য জানতে পারে। এটি সম্ভব যে নতুন তথ্য অধ্যয়নে থাকার বিষয়ে আপনার মনের পরিবর্তন ঘটতে পারে। যদি নতুন তথ্য আবিষ্কার করা হয়, তাহলে আপনার অধ্যয়ন চিকিৎসক অবিলম্বে সেটি আপনাকে জানাবেন।

যেসব রোগী ইতিমধ্যেই কার্বোপেনামি গ্রহণ করেছেন, তাদের মধ্যে নিম্নলিখিত পার্শ্বপ্রতিক্রিয়াগুলো লক্ষ্য করা গেছে

খুব সাধারণ (10 জনের মধ্যে 1 জনের বেশি রোগীকে আক্রমণ করতে পারে)	• ক্লান্তি • নিশ্বাসে কষ্ট • লোহিত রক্তকণিকার সংখ্যা কম থাকা (অ্যানিমিয়া), বিরল ক্ষেত্রে রক্ত সঞ্চালনের প্রয়োজন হতে পারে • রক্ত পরীক্ষায় কিডনীর অস্বাভাবিক ফলাফল • গা গুলানো • বমি করা • পেটে ব্যথা এবং খিঁচুনি • শ্বেত রক্ত কণিকার কম সংখ্যা • অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়া • অস্বাভাবিক লিভারের রক্ত পরীক্ষা • রক্তে ইলেক্ট্রোলাইটের অস্বাভাবিকতা
সাধারণ (10 জনের মধ্যে 1 জন পর্যন্ত রোগীকে আক্রমণ করতে পারে)	• সংক্রমণ এবং সংক্রমণের লক্ষণ, যেমন জ্বর বা গলা ব্যথা • ক্ল-এর মত লক্ষণ • এমন রক্তপাত যা উল্লেখযোগ্য রক্তক্ষয়ের কারণ হতে পারে • ডায়রিয়া • কোষ্ঠকাঠিন্য • ঠোঁটে ঘা বা মুখের আলসার • চুল পড়া • ফুসকুড়ি এবং/বা চুলকানিযুক্ত স্বক • হাড়, জয়েন্ট বা পেশীতে ব্যথা বা অস্বস্তি • অতিরিক্ত ক্লান্তি/দুর্বলতা • অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণ, যার মধ্যে গুরুতর প্রতিক্রিয়াও অন্তর্ভুক্ত (হঠাৎ শ্বাসকষ্ট বা বুকে চাপ অনুভব করা, চোখের পাতা, মুখ বা ঠোঁট ফুলে যাওয়া, মুখ লাল হয়ে যাওয়া, নিম্ন রক্তচাপ, দ্রুত হৃদস্পন্দন, আমবাত, শ্বাসকষ্ট এবং মাথা ঘোরা) • হাত, পা বা বাহুতে ঝাঁঝি ধরা, জ্বালাপোড়া, অসাড়তা বা সঁচ ফোটানোর মতো অনুভূতি • টেনডনের রিফ্লেক্স ধীর হয়ে যাওয়া • স্বাদের পরিবর্তন বা স্বাদ চলে যাওয়া • দৃষ্টিশক্তির সাময়িক অবনতি বা দৃষ্টিতে পরিবর্তন • কানের সমস্যা যা শ্রবণশক্তি হ্রাস, কানে ভোঁ ভোঁ শব্দ, মাথা ঘোরা এবং ভারসাম্যহীনতার কারণ হতে পারে • হার্টের সমস্যা • বুকে আঁটভাব বা সাঁ সাঁ শব্দ • ফুসফুসের প্রদাহ • মূত্রাশয় এবং যোনাঙ্গের ব্যাধি
সাধারণ নয় এমন	• সংক্রমণ ছাড়াই জ্বর

পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ (100 জনের মধ্যে 1 জন রোগীর হতে পারে)	এবং কাঁপুনি
বিরল (1000 জনের মধ্যে 1 জন রোগীর হতে পারে)	দৃষ্টিশক্তি হারানো
অত্যন্ত বিরল (10,000 জনের মধ্যে 1 জন রোগীর হতে পারে)	- অ্যাকিউট প্রোমাইলোসাইটিক লিউকেমিয়া (শ্বেত রক্তকণিকার ক্যান্সার) চিকিৎসার বহু বছর পর হতে পারে - ফুসফুসে ক্ষতচিহ্ন যার কারণে শ্বাসকষ্ট এবং/অথবা কাশি (পালমোনারি ফাইব্রোসিস)

কার্বোপ্ল্যাটিন গ্রহণকারী রোগীদের মধ্যে আরও কিছু পার্শ্বপ্রতিক্রিয়া দেখা গেছে। এইসকল পার্শ্ব-প্রতিক্রিয়াগুলির বিষয়ে তথ্যের জন্য দয়া করে আপনার অধ্যয়ন চিকিৎসককে জিজ্ঞাসা করুন।

কার্বোপ্ল্যাটিন ব্যবহারের জন্য সতর্কতা এবং সাবধানতা: কার্বোপ্ল্যাটিন ইন্ড্রাভেনাস ইনফিউশন ব্যবহার করার আগে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

- আপনি যদি গর্ভবতী হন বা গর্ভবতী হওয়ার সম্ভাবনা থাকে।
- আপনি যদি শিশুকে বুকের দুধ খাওয়ান।
- আপনার যদি হালকা কিডনি রোগ থাকে। আপনার ডাক্তার আপনাকে আরও নিয়মিত পর্যবেক্ষণ করতে চাইবেন।
- আপনার বয়স যদি বেশি হয় (65 বছরের বেশি)।
- আপনি যদি অতীতে সিসপ্ল্যাটিন বা অনুরূপ ক্যান্সাররোধী ওষুধ দিয়ে চিকিৎসা করিয়ে থাকেন,
- কার্বোপ্ল্যাটিন আপনার স্নায়ুতন্ত্রে অস্বাভাবিকতা সৃষ্টি করতে পারে, যেমন পিন এবং নিডল বা শ্রবণ ও দৃষ্টিশক্তির সমস্যা।
- যদি আপনার মাথাব্যথা, মানসিক কার্যকারিতার পরিবর্তন, ঝাঁচুনি এবং অস্বাভাবিক দৃষ্টিশক্তি থাকে
- যদি আপনার লোহিত রক্তকণিকার সংখ্যা কমে যাওয়ার সাথে তীব্র ক্লান্তি এবং শ্বাসকষ্ট দেখা দেয় (হেমোলাইটিক অ্যানিমিয়া), যা একা অথবা কম প্লেটলেট সংখ্যা, অস্বাভাবিক কালশিটে পড়া (থ্রম্বোসাইটোপেনিয়া) এবং কিডনি রোগের সাথে হতে পারে, যেখানে আপনার প্রস্রাব খুব কম হয় বা একেবারেই হয় না (হেমোলাইটিক-ইউরেমিক সিন্ড্রোমের লক্ষণ)।
- যদি আপনার ফুসফুসের ক্যান্সার সম্পর্কিত নয় এমন কোনো যকৃতের রোগের ইতিহাস থাকে

- যদি আপনার জ্বর (তাপমাত্রা 38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি) বা কাঁপুনি থাকে, যা সংক্রমণের লক্ষণ হতে পারে।

কার্বোপ্ল্যাটিন দিয়ে চিকিৎসার সময় আপনাকে এমন কিছু ওষুধ দেওয়া হবে যা টিউমার লাইসিস সিনড্রোম নামক একটি সম্ভাব্য জীবন-হুমকিস্বরূপ জটিলতা কমাতে সাহায্য করে, এই জটিলতাটি মৃত ক্যান্সার কোষ ভেঙে যাওয়ার কারণে রক্তে রাসায়নিক বিশৃঙ্খলার ফলে ঘটে, কারণ এই কোষগুলো তাদের উপাদান রক্তপ্রবাহে ছেড়ে দেয়।

কার্বোপ্ল্যাটিন এর জন্য প্রতিনির্দেশনা:

- সক্রিয় উপাদান বা যেকোনো সহায়ক উপাদানের প্রতি অ্যালার্জিক প্রতিক্রিয়া
- পূর্ব-বিদ্যমান গুরুতর কিডনি রোগ (ক্রিয়েটিনিন ক্লিয়ারেন্স < 30 মিলি/মিনিট), যদি না চিকিৎসক ও রোগীর মতে চিকিৎসার সম্ভাব্য সুবিধাগুলো ঝুঁকির চেয়ে বেশি হয়
- তীব্র মায়েলোসাপ্রেশন (বা আপনার অস্থি মজ্জায় রক্তকণিকার তীব্র হ্রাস)
- রক্তক্ষরণকারী টিউমার
- লাইভ বা লাইভ-অ্যাটেনুয়েটেড ভ্যাকসিন ব্যবহার করবেন না
- অন্যান্য ঔষধ এবং কার্বোপ্ল্যাটিন ইন্ড্রাভেনাস ইনফিউশন

আপনি যদি অন্য কোনো ঔষধ গ্রহণ করে থাকেন, সম্প্রতি গ্রহণ করে থাকেন বা গ্রহণ করতে পারেন, তবে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সকে জানান, উদাহরণস্বরূপ:

- যে ওষুধগুলো কার্বোপ্ল্যাটিনের পাশাপাশি আপনার রক্তে কোষের সংখ্যা কমিয়ে দিতে পারে, সেগুলোর ক্ষেত্রে আপনার কার্বোপ্ল্যাটিন চিকিৎসার মাত্রা এবং ফ্রিকোয়েন্সিতে পরিবর্তন আনার প্রয়োজন হতে পারে
- অ্যামিনোগ্লাইকোসাইডস, ভ্যানকোমাইসিন বা ক্যাপ্রিওমাইসিনের মতো কিছু অ্যান্টিবায়োটিক, কার্বোপ্ল্যাটিনের পাশাপাশি সেবন করলে কিডনি বা শ্রবণজনিত সমস্যার ঝুঁকি বাড়াতে পারে
- কিছু মূত্রবর্ধক ওষুধ (ডাইউরেটিকস), কার্বোপ্ল্যাটিনের পাশাপাশি সেবন করলে কিডনি বা শ্রবণজনিত সমস্যার ঝুঁকি বাড়াতে পারে
- জীবন্ত বা জীবন্ত-দুর্বলীকৃত ভ্যাকসিন (যেমন ইয়েলো ফিভারের জন্য)
- রক্ত পাতলা করার ওষুধ, যেমন ওয়ারফারিন, কার্বোপ্ল্যাটিনের সাথে একই সময়ে সেবন করলে রক্ত জমাট বাঁধার নিরীক্ষণের হার বাড়ানোর প্রয়োজন হতে পারে
- ফেনাইটয়েন এবং ফসফেনাইটয়েন (বিভিন্ন ধরনের ঝিঁচুনি এবং মৃগীরোগের চিকিৎসার জন্য ব্যবহৃত হয়), কার্বোপ্ল্যাটিনের সাথে একই সময়ে সেবন করলে ঝিঁচুনির ঝুঁকি বাড়াতে পারে
- অন্যান্য ওষুধ যা রোগ প্রতিরোধ ব্যবস্থার কার্যকারিতা হ্রাস করে (যেমন সাইক্লোস্পোরিন)

অন্যান্য সম্ভাব্য ঝুঁকি

পরীক্ষামূলক ওষুধটি গ্রহণ শুরু করার সময় থেকে শুরু করে শেষ ডোজ নেওয়ার পর অন্তত 6 মাস পর্যন্ত, এমন যেকোনো কার্যকলাপে যেখানে অন্য ব্যক্তির শরীরে বীর্য প্রবেশের সম্ভাবনা থাকে, আপনাকে

অবশ্যই কনডম ব্যবহার করতে হবে। জন্ম নিয়ন্ত্রণ, গর্ভাবস্থা এবং শুক্রাণু দান সম্পর্কিত বিস্তারিত তথ্য “গবেষণার সময় জন্ম নিয়ন্ত্রণ এবং গর্ভাবস্থা সম্পর্কে কী করবেন?” বিভাগে পাওয়া যাবে।

